

আপনি শেফিল্ড সাংসারিক নির্যাতন হেল্পলাইনে 0808 808 2241 নম্বরে ফোন করতে পারেন যদি আপনি:

- আপনার কাছে কোনও মানুষের দ্বারা সাংসারিক নির্যাতনের শিকার হন
- সাংসারিক নির্যাতন থেকে স্বাভাবিক অবস্থায় ফিরছেন এবং সাহায্য প্রয়োজন হয়
- আত্মীয় বা বন্ধুদের বিষয়ে উদ্বিগ্ন থাকেন এবং আরও তথ্য জানতে চান
- আপনি একজন পেশাদার ব্যক্তি হন এবং আপনার ক্লায়েন্টদের সাহায্য করার জন্য তথ্য পেতে চান
- পুরুষ ও মহিলাদের জন্য পরিষেবা উপলব্ধ আছে

আপনি নিম্নলিখিত উদ্দেশ্যে হেল্পলাইনে ফোন করতে পারেন: পরামর্শ, সহায়তা, নিরাপদে থাকার জন্য কোনও জায়গা, অথবা আপনি যদি কারও সঙ্গে কথা বলতে চান এবং আপনার সাথে যা ঘটছে তার অর্থ উপলব্ধি করতে চান। ল্যান্ডলাইন এবং বেশির ভাগ মোবাইল নেটওয়ার্ক, যেমন ভার্জিন, O2, টি-মোবাইল, অরেঞ্জ, ভোডাফোন ও 3 থেকে বিনামূল্যে হেল্পলাইনে ফোন করা যায়।

ভাষা সহায়তা

আপনি যদি হেল্পলাইনে ফোন করেন কিন্তু আমরা আপনার ভাষায় কথা বলতে না পারি, তাহলে আমরা একজন অনুবাদকের ব্যবস্থা করব যাতে আমরা আপনার সঙ্গে কথা বলতে পারি।

সাংসারিক নির্যাতন কী?

এটা হল এমন যে কোনও নির্যাতন যা ব্যক্তিগত বা পারিবারিক সম্পর্কের মধ্যে ঘটে। শারীরিক, মানসিক, যৌন বা আর্থিক নির্যাতন সব কিছুই এর সাথে যুক্ত থাকতে পারে এবং জোর করে বিয়ে দেওয়া এবং তথাকথিত ‘মর্যাদা’-কেন্দ্রিক হিংসাগুলিও এর মধ্যে অন্তর্ভুক্ত। এটা ভিন্ন লিঙ্গের মানুষ এবং একই লিঙ্গের মানুষের মধ্যের সম্পর্কগুলিতে, সমস্ত সংস্কৃতিতে এবং সব বয়সের মানুষের সাথেই ঘটতে পারে। নির্যাতনকারী ব্যক্তি একজন সঙ্গী, প্রাক্তন সঙ্গী বা আত্মীয় হতে পারেন।

ক্ষমতা ও নিয়ন্ত্রণকে কেন্দ্র করেই সাংসারিক নির্যাতনের ঘটনা ঘটে। এটা খুব বিরল ক্ষেত্রেই মাত্র একবারের ঘটনা হয় এবং সময়ের সাথে সাথে অবস্থা আরও খারাপ হতে থাকে। যদি আপনি নির্যাতিত হন, সেটা আপনার দোষ নয় এবং আপনি আরও ভাল ব্যবহার পাওয়ার যোগ্য।

হেল্পলাইন কর্মীদের পরিচয় কী?

হেল্পলাইন কর্মীরা হলেন সাংসারিক নির্যাতন বিষয়ে অভিজ্ঞ কর্মী, যারা এটা বুঝবেন যে নির্যাতনের সম্বন্ধে কথা বলা কঠিন হয়, আর যা ঘটছে সেই ব্যাপারে আপনি বিভ্রান্ত ও বিচলিত হতে পারেন। তারা আপনার কথা শুনবেন এবং আপনার কি কি সাহায্য প্রয়োজন সেটা নির্ধারণ করতে আপনাকে সাহায্য করবেন এবং আপনাকে জানাবেন যে কি কি বিকল্প উপলব্ধ আছে। তারা আপনাকে **আপনার নিজস্ব পছন্দ** বেছে নিতে সাহায্য করবেন। বিভিন্ন সংস্কৃতি ও সমাজের সমস্যাগুলি বোঝার জন্য সমস্ত হেল্পলাইন কর্মীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং তারা এমন কোনও কাজ করবেন না (বা কাউকে বলবেন না) যা আপনাকে আরও বেশি বিপদে ফেলবে।

শেফিল্ড ডোমেস্টিক অ্যাবিউজ (সাংসারিক নির্যাতন) পরিষেবা

শেফিল্ড ডোমেস্টিক অ্যাবিউজ পরিষেবার মধ্যে একটি হেল্পলাইন, একটি কমিউনিটি আউটরীচ পরিষেবা, সাংসারিক নির্যাতনের কারণে গুরুতর ক্ষতির উচ্চ আশঙ্কা আছে এমন মানুষদের জন্য ইন্ডিপেন্ডেন্ট ডোমেস্টিক ভায়োলেন্স অ্যাডভোকেসি সার্ভিস এবং মহিলাদের আশ্রয় অন্তর্ভুক্ত আছে।

এটি কি একটি গোপনীয় পরিষেবা?

আপনি নিজের সম্বন্ধে আমাদের যা কিছু জানাবেন, সেগুলি শেফিল্ড ডোমেস্টিক অ্যাবিউজ হেল্পলাইন পরিষেবার কাছে গোপন থাকবে এবং আমরা আপনার নিরাপত্তার প্রয়োজনকে সম্মান জানাব।

যদি আপনার, অন্য কোনও প্রাপ্তবয়স্ক মানুষ, বা কোনও শিশু বা অল্পবয়স্ক মানুষের জরুরি নিরাপত্তার সমস্যা থাকে, যার জন্য আমরা তথ্য প্রকাশ করতে বাধ্য হই, তাহলে আমরা যতদূর সম্ভব আপনাকে যুক্ত রাখতে এবং এই বিষয়ে অবহিত রাখতে চেষ্টা করব। আমরা যদি আপনাকে অন্য কোন পরিষেবা ব্যবহার করতে সাহায্য করি, তাহলে আপনার সম্বন্ধীয় তথ্য তাদের হাতে তুলে দেওয়ার জন্য আমরা আপনার অনুমতি চাইব। আমাদের পক্ষে আপনাকে যে সবচেয়ে ভাল পরিষেবা দেওয়া সম্ভব সেটা প্রদানের জন্য, আমরা আপনার সঙ্গে কথোপকথনের একটা রেকর্ড রাখব, যদি আপনার আবার কখনও আমাদের ফোন করার প্রয়োজন হয়।